

৪। প্রশ্ন কোনো (ক) জনবিশ্বেরণ কী? (খ) এর কারণ ও (গ) পরিপতিসমূহ কী?

[(a) What is population explosion. (b) Discuss causes, and (c) Consequences of growth of population.]

উত্তর। (ক) জনবিশ্বেরণ কী? : জনসংখ্যার বিশ্বেরণ বলতে এমন এক পরিস্থিতি বোঝায় যখন একটি দেশে সময় ব্যবধানে জনসংখ্যা ক্রমাগতভাবে বৃদ্ধি পেতে থাকে। ম্যালথাসীয় দৃষ্টিকোণ থেকে বলা যায় কেন দেশে জনসংখ্যা যদি জ্যামিতিক হারে বৃদ্ধি পায় তবে সে দেশে জনবিশ্বেরণ হচ্ছে বলা যায়। অনিয়ন্ত্রিত অবস্থায় এভাবে জনসংখ্যা বৃদ্ধি পেলে প্রতি ২৫ বছরে তা দ্বিগুণ হবে বলা যায়।

(খ) জনবিশ্বেরণের কারণ (Causes of Population Explosion) : কোন দেশে জনবিশ্বেরণ মূলত অনেক কারণে ঘটতে পারে। তবে নিম্নোক্ত কারণসমূহ সবচেয়ে বেশি উল্লেখ্য বলা যায়।

১। অতি উচ্চ প্রজনন হার যা নানা কারণে কোন দেশে সংঘটিত হতে পারে। যেমন ধর্মীয়, সামাজিক অথবা অর্থনৈতিক কারণে কোন দেশে অথবা সমাজের কোন শ্রেণির লোকের মধ্যে অতি উচ্চ জন্মহার পরিলক্ষিত হতে পারে। ডিমারণহরপ বলা যায় Don E. Dumond তাঁর *The Limitation of Human Population : A Natural History*-তে উল্লেখ করেন যে কানাডার Hutterite ধর্মীয় গোষ্ঠীর প্রতিটি মহিলা ধর্মীয় দায়িত্ব হিসাবে গড়ে ১১ জন সন্তানের জন্ম দেয়; ২৫ থেকে ২৯ বছর বয়সি মেয়েদের মধ্যে প্রতি হাজারে প্রতি বছরে ৫০০ জন সন্তান জন্মদানের প্রবণতা এবং প্রতি হাজার জনসংখ্যার স্থূল মৃত্যুহার ৮৫ জন পরিলক্ষিত হয়। এ ধরনের বা তার কাছাকাছি প্রজনন ক্ষমতা যে সমাজে দেখা যায় দেখানে জনসংখ্যার বিশ্বেরণ অনিবার্য বলা যায়। দারিদ্র্যতাও অতি উচ্চ প্রজনন হারের কারণ বলা যায়।

২। স্বাভাবিক প্রজনন হার অথচ অতি উচ্চ মৃত্যুহার কোন সমাজে পরিলক্ষিত হলেও সময় ব্যবধানে দেখানে জনসংখ্যা বিশ্বেরণ ঘটতে পারে।

৩। জন্ম এবং মৃত্যুহার উভয়ই উচ্চ তবে মৃত্যুহার বেশি—এ অবস্থা পরিলক্ষিত হলেও সময় ব্যবধানে জনসংখ্যা বিশ্বেরণ দেখা দিতে পারে।

(গ) জনসংখ্যা বিশ্বেরণের ফলাফল/পরিণতি (Consequences of Population Explosion) : তৃতীয় বিশ্বের বেশিরভাগ উন্নয়নশীল দেশ, যারা জনসংখ্যা উন্নয়ন তত্ত্বের দ্বিতীয় পর্যায় অতিক্রম করছে তাদের ক্ষেত্রে জনবিশ্বেরণ একটি বাস্তব ঘটনা বলা যায়। জনবিশ্বেরণ এসব দেশে যেসব বিকল্প ফলাফল সৃষ্টি করছে তাদের মধ্যে নিম্নোক্তসমূহ প্রধান বলা যায়।

১। অর্থনৈতিক অগ্রগতি ব্যাহত : অতি জনসংখ্যার চাপে এসব দেশের অর্থনৈতিক অগ্রগতি মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য যে সব উপাদান অনুকূল যেমন সংস্কৃত, বিনিয়োগ, মূলধন গঠন—ইত্যাদির উপর বিকল্প প্রতিক্রিয়া সৃষ্টি করে অতি জনসংখ্যা উন্নয়নের পাতি ছায় করে দিচ্ছে। অর্থনীতিবিদ Jacob Viner তাই যথার্থেই মন্তব্য করেছেন : ‘Population increase haves like a menacing dark cloud over all poor countries. It can offset and more then offset the contribution to economic prosperity which all other factors can make.’ দীর্ঘমেয়াদি জনসংখ্যা বিশ্বেরণ একটি অনুমত দেশের অনুমতিনকে আঁকোও বৃদ্ধি করতে পারে।

২। মূলধন গঠন ও বিনিয়োগ হ্রাস : উচ্চ প্রজনন-হার বিশিষ্ট অনুমত দেশে জনসংখ্যার স্বাভাবিক প্রবৃদ্ধির হার বেশি হলে যে জনসংখ্যা বিশ্বেরণ ঘটতে পারে তার ফলে দেখানে মূলধন গঠন এবং বিনিয়োগ মারাত্মকভাবে ব্যাহত হতে পারে। যে জনসংখ্যা বিশ্বেরণ ঘটতে পারে তার ফলে দেখানে মূলধন গঠন এবং বিনিয়োগ মারাত্মকভাবে ব্যাহত হতে পারে। অন্যদিকে এ. জি. কোলালে (A. J. Coale) এবং ই. এম. হুভার (E. M. Hoover) অতি জনসংখ্যা অধ্যবিত বিভিন্ন অনুমত জনবিজ্ঞানী এ. জি. কোলালে (A. J. Coale) এবং ই. এম. হুভার (E. M. Hoover) অতি জনসংখ্যা অধ্যবিত বিভিন্ন অনুমত দেশের অভিজ্ঞতা থেকে এই নিষ্কাশন পৌছান যে, এসব দেশে জনসংখ্যার ক্রতৃ প্রবৃদ্ধি সংঘর্ষ হার হ্রাস করায় দেখানে অতি অক্ষম মূলধন গঠন করা সম্ভব হয় এবং যেকুন হয় তার এক বৃহৎ অংশও অনুগ্রাদনশীল বিনিয়োগে স্থানান্তর হয়।

৩। জীবন্যাত্মক মানের উপর বিকল্প প্রতিক্রিয়া : জনসংখ্যা বিশ্বেরণের ফলে সমাজের দারিদ্র্য শ্রেণির মানুষরাই বেশি

ক্ষতিগ্রস্ত হয়। তাদের জীবনধারণের মান, জীবনের উৎকর্ষতা, জীবন-প্রত্যাশা সব কিছু পূর্বাপেক্ষা নিম্নস্তরে উপনীত হয়। তাদের মধ্যে অনেকেই মানবেতর জীবনযাপনে বাধ্য হয়।

৪। বেকারত্ব বৃদ্ধি : জনসংখ্যা বিস্ফোরণের দর্শন নিয়োগের উপর অতি বিরুদ্ধ প্রতিক্রিয়া সৃষ্টি হয়। কৃষিপ্রধান অনুমতি দেশে কৃষি এবং ছোটখাটো কুটির শিল্পে অপূর্ণ এবং সেখানে ছদ্মবেশী বেকারত্ব বৃদ্ধি পায়। এমনকি শিক্ষিত জনগোষ্ঠীর মধ্যেও বেকারত্ব সৃষ্টি হয়। কারণ জনসংখ্যা বৃদ্ধির সাথে পান্না দিয়ে শিল্প এবং সেবাখাতে নিয়োগ সৃষ্টি করা এসব দেশে আর্থ-সামাজিক এবং অপরাপর কারণে সম্ভব নয়।

৫। খাদ্যভাব এবং দুর্ভিক্ষ : অতি-জনসংখ্যা অনুমতি দেশে মারাত্মক খাদ্য-সমস্যা এবং দুর্ভিক্ষ ডেকে আনতে পারে। কারণ জনসংখ্যা অপ্রতিহতভাবে বৃদ্ধি পেলে এক সময় তা খাদ্য উৎপাদনকে অতিক্রম করবেই। এর ফলে জনসংখ্যার এক বৃহৎ অংশ অপুষ্টির সম্মুখীন হয়ে মৃত্যুর সম্মুখীন হতে পারে।

৬। দারিদ্র্যতা বৃদ্ধি : অতি-জনসংখ্যা কোন দেশে মানুষের গড় আয় হ্রাস এবং দারিদ্র্যতা বৃদ্ধি করতে বাধ্য। কারণ এক্ষেত্রে মাথাপিছু উৎপাদন ক্রমহ্রাসমান উৎপন্ন বিধির কারণে হ্রাস পাবে। রবার্ট কাসেন (Robert Cassen) তাই যথার্থই মন্তব্য করেছেন : “Continuing growth of population and labour force is an impediment to the using of average income and alleviation of poverty.”